রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ৭, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১০ চৈত্র, ১৪৩১ বঙ্গাব্দ/ ২৪ মার্চ, ২০২৫ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং-৯২-আইন/২০২৫।**—Muslim Marriages and Divorces (Registration) Act, 1974 (Act No. LII of 1974) এর section 14 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

(ক) বিধি ২১ এর উপ-বিধি (৪ক) এর পর নিম্নরূপ নূতন উপ-বিধি (৪খ) সন্নিবেশিত হইবে, যথা:—

"(৪খ) অনলাইন নিবন্ধনের ক্ষেত্রে ডিজিটাল মাধ্যমে বা সরকার কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে ফি পরিশোধ করা যাইবে।";

(খ) বিধি ২১ এর পর নিম্নরূপ নূতন বিধি ২১ক সন্নিবেশিত হইবে, যথা:—

"**২১ক। নিকাহ্ ও তালাক নিবন্ধন পদ্ধতি**।—নিকাহ্ ও তালাক নিবন্ধন ম্যানুয়ালি বা অনলাইন পদ্ধতিতে সম্পাদন করা যাইবে।";

(গ) বিধি ২২ এর উপ-বিধি (৩) এর পর নিম্নরূপ নূতন উপ-বিধি (৪) সন্নিবেশিত হইবে, যথা:—

"(৪) অনলাইন নিবন্ধনের ক্ষেত্রে ফরম 'ঘ' তে যে সকল ব্যক্তির স্বাক্ষর প্রয়োজন তাহারা সরকার কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে ডিজিটাল মাধ্যমে বা সরাসরি স্বাক্ষর এবং নিরক্ষর ব্যক্তির ক্ষেত্রে টিপসহি প্রদান করিবেন।";

(ঘ) বিধি ২৭ এর—

(১) উপ-বিধি (১) এর পর নিম্নরূপ নূতন উপ-বিধি (১ক) ও (১খ) সন্নিবেশিত হইবে, যথা:—

"(১ক) নিকাহ্ রেজিস্ট্রার নিকাহ্ বা তালাকের পক্ষসমূহের চাহিদার ভিত্তিতে, ক্ষেত্রমত, নিম্নরূপ সনদ প্রদান করিতে পারিবেন, যথা:—

(ক) বিবাহ সনদ (ফরম 'ঘ১' অনুযায়ী);

(খ) তালাক সনদ (ফরম 'ছ১' অনুযায়ী);

(১খ) অনলাইন নিবন্ধনের ক্ষেত্রে সরকার কর্তৃক নির্দেশিত ওয়েবসাইটে ধাপে ধাপে নিবন্ধন প্রক্রিয়া সফলভাবে সম্পন্ন হইলে উপ-বিধি (১) এর দফা (ক), (খ), (গ) ও (ঘ) এ বর্ণিত রেজিস্টার স্বয়ংক্রিয়ভাবে প্রস্তুত হইবে এবং এইক্ষেত্রে নিকাহ রেজিস্ট্রারকে পুনরায় বর্ণিত রেজিস্টারসমূহ লিপিবদ্ধ করিতে হইবে না।";

(২) উপ-বিধি (২) এ উল্লিখিত "করিবেন" শব্দের পর ", তবে অনলাইন নিবন্ধনের ক্ষেত্রে দরখাস্ত রেজিস্টার সংরক্ষণ করিতে হইবে না" কমা ও শব্দসমূহ সংযোজিত হইবে;

(ঙ) তফসিলের ফরম 'ঘ' এর—

(১) ক্রমিক নং ৩ এর পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ৩ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"৩। জাতীয় পরিচয়পত্র অনুযায়ী অথবা জাতীয় পরিচয়পত্র না থাকিলে জন্ম নিবন্ধন সনদ/জুনিয়র স্কুল সার্টিফিকেট (জে. এস. সি) বা মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস. এস. সি) বা সমমানের পরীক্ষার সনদপত্র/মাতা, পিতা বা আইনগত অভিভাবক প্রদত্ত বয়স সংক্রান্ত হলফনামা অনুযায়ী বরের বয়স ও জন্ম তারিখ..............";

(২) ক্রমিক নং ৫ এ উল্লিখিত 'কুমারী' শব্দের পরিবর্তে "অবিবাহিতা" শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(৩) ক্রমিক নং ৬ এর পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ৬ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"৬। জাতীয় পরিচয়পত্র অনুযায়ী অথবা জাতীয় পরিচয়পত্র না থাকিলে জন্ম নিবন্ধন সনদ/জুনিয়র স্কুল সার্টিফিকেট (জে. এস. সি) বা মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস. এস. সি) বা সমমানের পরীক্ষার সনদপত্র/মাতা, পিতা বা আইনগত অভিভাবক প্রদত্ত বয়স সংক্রান্ত হলফনামা অনুযায়ী কন্যার বয়স ও জন্ম তারিখ.....................";

(৪) ক্রমিক নং ৬ এর পর নিম্নরূপ নূতন ক্রমিক নং ৬ক সন্নিবেশিত হইবে, যথা:—

"৬ক। বর ও কনের পাসপোর্ট সাইজের ছবি:

| | |
|---|---|
| বরের ছবি (পাসপোর্ট সাইজ) | কনের ছবি (পাসপোর্ট সাইজ) |

";

(৫) ক্রমিক নং ১১ এ উল্লিখিত “(২)……………………” সংখ্যা, বন্ধনী ও চিহ্নের পর উহার নিম্নে “(৩)………………” সংখ্যা, বন্ধনী ও চিহ্ন সংযোজিত হইবে;

(৬) ক্রমিক নং ১২ এর পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ১২ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“১২। যে তারিখে বিবাহ সম্পন্ন হইয়াছে: ………..” ;

(৭) ক্রমিক নং ১৩ এর পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ১৩ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“১৩। দেন মোহরের পরিমাণ:……….. =টাকা (কথায় ………….. টাকা)”;

(৮) ক্রমিক নং ১৪ এর পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ১৪ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“১৪। দেন মোহরের কি পরিমাণ:

(১) মুয়াজ্জল (তলবি):…………../=টাকা (কথায়…………………টাকা)

(২) মু'অজ্জল (বিলম্বিত):………../= টাকা (কথায়……………..টাকা)”;

(৯) ক্রমিক নং ১৫ এ উল্লিখিত “উহার পরিমাণ কত?………… ” শব্দসমূহ ও চিহ্নের পর “……… /= টাকা (কথায়………………………………..টাকা)” শব্দসমূহ, বন্ধনী ও চিহ্ন সংযোজিত হইবে;

(১০) ক্রমিক নং ১৯ বিলুপ্ত হইবে;

(১১) ক্রমিক নং ২১ এর পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ২১ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"২১। বর বিবাহিত, অবিবাহিত, বিপত্নীক অথবা তালাকপ্রাপ্ত পুরুষ কি না?..............";

(১২) ক্রমিক নং ২২ এ উল্লিখিত "অন্য বিবাহে আবদ্ধ হইবার জন্য" শব্দসমূহের পরিবর্তে "বর বিবাহিত হইলে অন্য বিবাহে আবদ্ধ হইবার জন্য মুসলিম পারিবারিক আইন অধ্যাদেশ, ১৯৬১ মোতাবেক সালিসী কাউন্সিলের অনুমতি লইয়াছে কি না এবং লওয়া হইলে" শব্দসমূহ ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে;

(১৩) ক্রমিক নং ২৫ এর পর উল্লিখিত "বরের স্বাক্ষর" ও "কন্যার স্বাক্ষর" শব্দসমূহের পর উভয়ক্ষেত্রে "ও টিপসহি'' শব্দসমূহ সংযোজিত হইবে;

(১৪) ক্রমিক নং ২৫ এর পর উল্লিখিত "(২) .........................." সংখ্যা, বন্ধনী ও চিহ্নের পর উহার নিম্নে "(৩) ............................." সংখ্যা, বন্ধনী ও চিহ্ন সংযোজিত হইবে।

ফরম 'ঘ ১'
Form `D 1'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
Government of the People's Republic of Bangladesh
নিকাহ রেজিস্ট্রারের কার্যালয়
The office of the Nikah Registrar
অধিক্ষেত্র-----------------------------------
Jurisdiction --------------------------------
ঠিকানা------------------------------------
Address----------------------------------

[মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ২৭ (১ক) (ক) দ্রষ্টব্য]
[See rule 27(1a) (a) of The Muslim Marriages and Divorces (Registration) Rules, 2009]

## বিবাহ সনদ
## Certificate of Marriage

ইস্যু নম্বর: ----------------------
(Issue number: ---------------------------------)

ইস্যুর তারিখ: ----------------
(Date of issue : -----------------------------------------)

| | | | | | |
|---|---|---|---|---|---|
| বর | : | ----------------- | কনে | : | ----------------- |
| Bridegroom | : | ----------------- | Bride | : | ----------------- |
| পিতা | : | ----------------- | পিতা | : | ----------------- |
| Father | : | ----------------- | Father | : | ----------------- |
| মাতা | : | ----------------- | মাতা | : | ----------------- |
| Mother | : | ----------------- | Mother | : | ----------------- |
| ঠিকানা | : | ----------------- | ঠিকানা | : | ----------------- |
| Address | : | ----------------- | Address | : | ----------------- |
| জন্ম তারিখ | : | ----------------- | জন্ম তারিখ | : | ----------------- |
| Date of birth | : | ----------------- | Date of birth | : | ----------------- |

| | | |
|---|---|---|
| বিবাহ সম্পাদনের তারিখ | : | ---------------- |
| Date of marriage | : | ---------------- |
| বিবাহ নিবন্ধনের তারিখ | : | ---------------- |
| Date of registration of marriage | : | ---------------- |
| নিবন্ধন নম্বর | : | ---------------- |
| Registration number | : | ---------------- |
| বহি নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে) | : | ---------------- |
| Book number (If applicable) | : | ---------------- |
| ভলিউম নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে) | : | ---------------- |
| Volume number (If applicable) | : | ---------------- |
| পৃষ্ঠা নম্বর | : | ---------------- |
| Page number | : | ---------------- |
| সাল | : | ---------------- |
| Year | : | ---------------- |

স্বাক্ষর/ Signature

নিকাহ রেজিস্ট্রারের নাম
(Name of the Nikah Registrar)
মোবাইল নম্বর ও সীল
(Mobile number and Seal)

ফরম 'ছ ১'
Form `G 1'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
Government of the People's Republic of Bangladesh
নিকাহ রেজিস্ট্রারের কার্যালয়
The office of the Nikah Registrar
অধিক্ষেত্র-----------------------------------
Jurisdiction ---------------------------------------------
ঠিকানা--------------------------------------
Address----------------------------------------------------

[মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ২৭ (১ক) (খ) দ্রষ্টব্য]
[See rule 27(1a) (b) of The Muslim Marriages and Divorces (Registration) Rules, 2009]

তালাক সনদ
Certificate of Divorce

ইস্যু নম্বর: ----------------------
(Issue number: ---------------------------------)

ইস্যুর তারিখ: ------------------
(Date of issue : ------------------------------------)

| | | | | | |
|---|---|---|---|---|---|
| বর | : | ---------------- | কনে | : | ---------------- |
| Bridegroom | : | ---------------- | Bride | : | ---------------- |
| পিতা | : | ---------------- | পিতা | : | ---------------- |
| Father | : | ---------------- | Father | : | ---------------- |
| মাতা | : | ---------------- | মাতা | : | ---------------- |
| Mother | : | ---------------- | Mother | : | ---------------- |
| ঠিকানা | : | ---------------- | ঠিকানা | : | ---------------- |
| Address | : | ---------------- | Address | : | ---------------- |
| জন্ম তারিখ | : | ---------------- | জন্ম তারিখ | : | ---------------- |
| Date of birth | : | ---------------- | Date of birth | : | ---------------- |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| বিবাহ সম্পাদনের তারিখ | : | ---------------- | বিবাহ নিবন্ধনের তারিখ | : | ---------------- |
| Date of marriage | : | ---------------- | Date of registration of marriage | : | ---------------- |
| তালাক ঘোষণার তারিখ | : | ---------------- | তালাক কার্যকরের তারিখ | : | ---------------- |
| Date of pronouncement of divorce | : | ---------------- | Date of divorce effected | : | ---------------- |
| তালাক নিবন্ধনের তারিখ | : | ---------------- | নিবন্ধন নম্বর | : | ---------------- |
| Date of registration of divorce | : | ---------------- | Registration number | : | ---------------- |
| বহি নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে) | : | ---------------- | ভলিউম নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে) | : | ---------------- |
| Book number (If applicable) | : | ---------------- | Volume number (If applicable) | : | ---------------- |
| পৃষ্ঠা নম্বর | : | ---------------- | সাল | : | ---------------- |
| Page number | : | ---------------- | Year | : | ---------------- |

স্বাক্ষর/ Signature

নিকাহ রেজিস্ট্রারের নাম
(Name of the Nikah Registrar)
মোবাইল নম্বর ও সীল
(Mobile number and Seal)

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেখ আবু তাহের**
সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd